

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৩, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ২৮৮-আইন/২০১১—Post Office Act, 1898 (Act VI of 1898) এর section 4B এর সহিত পঠিতব্য section 4C (3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) 'আইন' অর্থ Post Office Act, 1898 (Act VI of 1898);
- (২) 'কুরিয়ার সার্ভিস' অর্থ আইনের ধারা 4B এর ব্যাখ্যা (b) এ বর্ণিত সার্ভিস;
- (৩) 'গ্রাহক' অর্থ বিধি ১৩ এ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ হইতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অর্থের বিনিময়ে সেবা গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- (৪) 'চেয়ারম্যান' অর্থ লাইসেন্সিং কর্তৃপক্ষের চেয়ারম্যান;
- (৫) 'তফসিল' অর্থ এই বিধিমালার কোন তফসিল;
- (৬) 'নিষিদ্ধ দ্রব্য' অর্থ তফসিল ৬ এ বর্ণিত কোন দ্রব্য;
- (৭) 'লাইসেন্সিং কর্তৃপক্ষ' অর্থ বিধি ৪ এ বর্ণিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;
- (৮) 'মন্ত্রণালয়' অর্থ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়;
- (৯) 'মেইলিং অপারেটর' অর্থ আইনের ধারা 4B এর ব্যাখ্যা (a) তে বর্ণিত অপারেটর;

(১৩৬৯৫)

মূল্য : টাকা ১২.০০

৩। বিধিমালার অপ্রযোজ্যতা।—রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ডাক ব্যাগসমূহ, কূটনৈতিক ডাক ব্যাগসমূহ, সশস্ত্র বাহিনী, আইন-শৃঙ্খলা বাহিনীসমূহের ডাক ব্যাগসমূহ পরিবহন ও বিতরণের জন্য নিয়োজিত বিশেষ প্রতিষ্ঠান বা সংস্থার ক্ষেত্রে এই বিধিমালার কোন কিছুই প্রযোজ্য হইবে না।

লাইসেন্সিং কর্তৃপক্ষের গঠন ও কার্যাবলী

৪। লাইসেন্সিং কর্তৃপক্ষ।—(১) আইনের ধারা 4C (1) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা ঃ—

- (ক) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অনূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;
- (খ) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অনূন উপ-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (গ) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বাংলাদেশ ডাক বিভাগের একজন অতিরিক্ত মহাপরিচালক।

(২) চেয়ারম্যানের অবর্তমানে বা অনুপস্থিতিতে মন্ত্রণালয়ের অপর সদস্য চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

(৩) বাংলাদেশ ডাক বিভাগ লাইসেন্সিং কর্তৃপক্ষকে সকল সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৫। লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলী, ইত্যাদি।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

- (ক) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান;
- (খ) সরকার কর্তৃক নির্ধারিত লাইসেন্স ফিস, জামানত, চার্জ, কমিশন ও অন্যান্য ফিস আদায় ও আদায়ের পদ্ধতি নির্ধারণ;
- (গ) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহের ব্যবসায় পরিচালনার অধিক্ষেত্র এবং অন্যান্য অধিকার নির্ধারণ;
- (ঘ) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের মান (standard) নির্ধারণ ও যাচাই;
- (ঙ) এই বিধিমালার অধীন প্রশাসনিক জরিমানা আরোপসহ অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ;
- (চ) গ্রাহক এবং মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের মধ্যকার বিরোধ, পরিসেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যকার বিরোধ এবং সরকারের সহিত পরিসেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের বিরোধ মীমাংসায় মধ্যস্থতাকারী বা সালিশকারী হিসাবে দায়িত্ব পালন;
- (ছ) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহ কর্তৃক লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ বা লঙ্ঘনের জন্য প্রশাসনিক জরিমানা ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ;

- (জ) গ্রাহকের অভিযোগের গুনানি গ্রহণ ও অভিযোগ নিষ্পত্তি এবং গ্রাহক অধিকার সংরক্ষণ;
- (ঝ) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহের কার্যালয় বার্ষিক পরিদর্শন এবং পরিদর্শন সংক্রান্ত পদ্ধতি নির্ধারণ;
- (ঞ) মেইলিং ও কুরিয়ার পরিসেবা উন্নয়ন, গ্রাহকমুখীকরণের লক্ষ্যে সর্বোচ্চ ডাক প্রেরণকারী গ্রাহক সংস্থা বা ব্যক্তি ও সর্বোচ্চ মানের সেবা প্রদানকারী মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান;
- (ট) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহের যাবতীয় কর্মকাণ্ড স্বচ্ছতা ও নৈতিকতার সহিত সম্পাদন ও জবাবদিহিতা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদ্ধতি নির্ধারণ;
- (ঠ) আন্তর্জাতিকভাবে মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিসের মালামাল পরিবহনের ক্ষেত্রে ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন, ইন্টারন্যাশনাল সিভিল এভিয়েশন অর্গানাইজেশন, ইন্টারন্যাশনাল এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্সীজ এবং ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন কর্তৃক ঘোষিত নিয়মাবলী অনুসরণ, দিক-নির্দেশনা বা পদ্ধতি প্রণয়ন এবং উহার সুষ্ঠু প্রয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ড) ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়নের নিয়মাবলি, আন্তর্জাতিক ডাক ও কুরিয়ার সার্ভিস সম্পর্কিত আধুনিক ধারণা, সেবার মানোন্নয়ন, ডিজিটাল প্রযুক্তির ব্যবহার, সার্ভিস উন্নয়নে গবেষণা, প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে কনসালট্যান্সি প্রদান;
- (ঢ) মন্ত্রণালয় কর্তৃক সময় সময় আরোপিত অন্যান্য দায়িত্ব পালন।

(২) কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের ব্যবসায় অবসায়নের ক্ষেত্রে আদালতের নির্দেশক্রমে লাইসেন্সিং কর্তৃপক্ষ অবসায়ক নিয়োগ করিতে পারিবে।

(৩) কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান দেউলিয়া ঘোষিত হইবার ক্ষেত্রে আদালতের নির্দেশক্রমে লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রশাসক নিয়োগ করিতে পারিবে।

(৪) ডাক পরিসেবা প্রদান ও ইহার সম্প্রসারণের জন্য মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের প্রদত্ত সেবার উপর সরকার কর্তৃক সময় সময় আরোপিত ক্ষতিপূরণমূলক ফিস, চার্জ, লেভী বা কমিশন এর আদায় সংক্রান্ত পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৫) এই বিধিমালার অধীন লাইসেন্স ফি, জরিমানা, অন্যান্য আদায়, চার্জ, ফিস বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ জমা হইবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষের দাপ্তরিক ব্যয় যাহা বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক নির্বাহ করা হইবে তাহা বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ৩-৫৪৩১-০০০০-৪৮৯৯ এ অন্তর্ভুক্ত হইবে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষের হিসাব ও নিরীক্ষার ক্ষেত্রে বাংলাদেশ ডাক বিভাগের প্রচলিত হিসাব ও নিরীক্ষা পদ্ধতি অনুসৃত হইবে।

(৭) বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে লাইসেন্সিং কর্তৃপক্ষের যাবতীয় চিঠিপত্রাদি প্রেরিত হইবে এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও বাংলাদেশ ডাক বিভাগের ওয়েবসাইট ও ই-মেইল আইডি লাইসেন্সিং কর্তৃপক্ষ ব্যবহার করিতে পারিবে।

৬। পরামর্শক কমিটি।—লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার দায়িত্ব ও কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে বাংলাদেশ ডাক বিভাগ এবং মেইলিং ও কুরিয়ার ব্যবসার সাথে সম্পৃক্ত অভিজ্ঞ ব্যক্তিবর্গের সমন্বয়ে এক বা একাধিক পরামর্শক কমিটি গঠন করিতে পারিবে।

লাইসেন্স গ্রহণের যোগ্যতা ও লাইসেন্স এর শর্তাবলী

৭। লাইসেন্সের আবেদন।—(১) এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত কোন প্রতিষ্ঠান মেইলিং ও কুরিয়ার ব্যবসা পরিচালনা করিতে পারিবে না।

(২) মেইলিং ও কুরিয়ার সার্ভিস ব্যবসায় আগ্রহী প্রতিষ্ঠানকে এই বিধিমালার তফসিল ১ এ বর্ণিত আকারে আবেদন ফরম পূরণ, তফসিল ২ এ বর্ণিত আকারে একটি অঙ্গীকারনামা এবং তফসিল ৩ এ বর্ণিত কাগজপত্রাদিসহ লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় নিজস্ব জমির উপর অবস্থিত হইলে উক্ত জমির মালিকানা দলিলের কপিসহ তফসিলের বিবরণ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে এবং কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের কার্যালয় ভাড়া জমি বা ভবনের উপর অবস্থিত হইলে ভাড়ার চুক্তিপত্রের কপি লাইসেন্সের আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

(৪) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে তাহার প্রধান কার্যালয়, শাখা ও নিবন্ধিত কার্যালয়সমূহের তালিকা লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ এই বিধির অধীনে দাখিলকৃত আবেদনপত্র পর্যালোচনাপূর্বক যোগ্যতাসম্পন্ন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে তফসিল ৭ এ বর্ণিত সংশ্লিষ্ট ফি বিধি ১৪ (১) এ উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক জমা প্রদান এবং জামানতের অর্থ বিধি ১৪ (৬) এ বর্ণিত পদ্ধতিতে জমাদানপূর্বক পাশ বই লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে নির্দেশ প্রদান করিবে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ফি জমাদানের রশিদ ও জামানতের অর্থ জমাদানের পাশ বই প্রাপ্তির পর তফসিল ৪ এ বর্ণিত আকারের লাইসেন্স প্রদান করিবে।

(৭) এই বিধির অধীন লাইসেন্সের জন্য আবেদনকারী মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ—

- (ক) রাজধানী ঢাকাসহ অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় ব্যবসায়িক নেটওয়ার্ক থাকিতে হইবে;
- (খ) কমপক্ষে ২০টি বুকিং ও বিতরণ অফিস থাকিতে হইবে;
- (গ) ব্যবসা পরিচালনার জন্য একটি প্রধান কার্যালয় থাকিতে হইবে;
- (ঘ) গ্রাহকের নিকট হইতে গৃহীত দ্রব্যসামগ্রী প্রেরকের গন্তব্যে প্রেরণের জন্য পরিবহন ব্যবস্থা থাকিতে হইবে;
- (ঙ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্টকৃত আয়তন ও মানের গুদামঘর থাকাসহ উক্ত গুদামঘরে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য সুবিধাদি থাকিতে হইবে;

- (চ) প্রেরণযোগ্য বা গৃহীত দ্রব্যসামগ্রী হারানো, বিনষ্ট, চুরি প্রভৃতি ক্ষেত্রে ক্ষতিপূরণের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট নীতিমালা থাকিতে হইবে;
- (ছ) গ্রাহক অভিযোগ ব্যবস্থাপনার জন্য কেন্দ্রীয়ভাবে প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের ন্যূনতম ৮ ঘন্টার জন্য অন্ততঃ পক্ষে ১(এক) টি কল সেন্টার থাকিতে হইবে;
- (জ) প্রদত্ত সার্ভিসমূহের মূল্য তালিকা সকল কার্যালয়ে প্রদর্শন করিতে হইবে;
- (ঝ) প্রেরণযোগ্য বা গৃহীত দ্রব্যসামগ্রী নিরাপদে প্রাপকের নিকট পৌঁছানো পর্যন্ত পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা থাকিতে হইবে;
- (ঞ) কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নাম বাংলাদেশ ডাক বিভাগ, পোস্ট অফিস এবং ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়নের নামের সাথে সাজুয্যপূর্ণ (identical) হইতে পারিবে না;
- (ট) সিটিজেন চার্টার থাকিতে হইবে;
- (ঠ) আর্থিকভাবে স্বচ্ছল হইতে হইবে এবং ঋণ খেলাপী হইতে পারিবে না;
- (ড) এজেন্সী বা যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে আন্তর্জাতিক কুরিয়ার ব্যবসায় নিয়োজিত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে প্রিন্সিপাল কোম্পানীর সহিত লিখিত চুক্তি থাকিতে হইবে।

৮। প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে বৈধ মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস এসোসিয়েশনের সদস্য হইতে হইবে :

তবে শর্ত থাকে যে, উক্ত এসোসিয়েশনের সদস্য না হইয়াও লাইসেন্স গ্রহণের জন্য আবেদন করা যাইবে; এইরূপ ক্ষেত্রে লাইসেন্স গ্রহণের পরবর্তী ০৩(তিন) মাসের মধ্যে বৈধ মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস এসোসিয়েশনের সদস্যপদ গ্রহণ করিতে হইবে এবং এসোসিয়েশনের সদস্যপদ প্রাপ্তির সনদপত্রের কপি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে।

৮। বিদ্যমান মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের লাইসেন্স গ্রহণ সম্পর্কিত বিশেষ বিধান।—(১) বিদ্যমান প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে এই বিধিমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবার ৩ (তিন) মাসের মধ্যে তফসিল ১ এ বর্ণিত আকারে আবেদন ফরম পূরণ, তফসিল ২ এ বর্ণিত আকারে একটি অঙ্গীকারনামা এবং তফসিল ৩ এ বর্ণিত কাগজপত্রাদিসহ লাইসেন্সের জন্য উক্ত কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্সের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে, উপযুক্ত কারণ ব্যাখ্যাপূর্বক বিলম্ব ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ যে কোন জেনারেল পোস্ট অফিস (জিপিও) বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ এর অনুকূলে জমাদানপূর্বক পরবর্তী ১৫ (পনের)টি কর্মদিবস এর মধ্যে লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) বা, ক্ষেত্রমত, উপবিধি (২) অনুযায়ী কোন আবেদনপত্র দাখিল হইলে বিধি ৭ এর উপ-বিধি (৩), (৪), (৫), (৬), (৭) এবং (৮) অনুসরণপূর্বক লাইসেন্স প্রদান করা যাইবে।

৯। লাইসেন্সের শর্তাবলী।—(১) লাইসেন্সপ্রাপ্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে বা এজেন্টকে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন করিতে হইবে, যথা ঃ—

- (ক) লাইসেন্সের কপি প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহে প্রকাশ্য স্থানে প্রদর্শন করিতে হইবে;
- (খ) কমপক্ষে দুই বছর ব্যবসায় পরিচালনা করিতে হইবে;
- (গ) গ্রাহকদের সহিত কোনরূপ হয়রানিমূলক আচরণ করা যাইবে না;
- (ঘ) গ্রাহকদের অভিযোগ দ্রুত নিষ্পত্তি ও প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ ক্ষতিপূরণের ব্যবস্থা করিতে হইবে;
- (ঙ) এই বিধিমালার বিধানসমূহ এবং তফসিল-২ এ বর্ণিত আকারে প্রদত্ত অঙ্গীকার পরিপালন করিতে হইবে;
- (চ) সরকার কর্তৃক সময় সময় আরোপিত ক্ষতিপূরণ ফিস (Compensatory fees) নিয়মিত পরিশোধ করিতে হইবে;
- (ছ) ঋণগ্রহণের জন্য লাইসেন্সকে সহযোগী জামানত দলিল হিসেবে ব্যবহার করা যাইবে না;
- (জ) প্রদত্ত লাইসেন্স অন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা যাইবে না;
- (ঝ) মৌলিক পোস্টার সার্ভিস এবং ইউনিভার্সাল পোস্টাল সার্ভিস পরিচালনা করা যাইবে না;
- (ঞ) কোন প্যাকেট বা পার্সেলের ভিতরে এবং প্যাকেট বা পার্সেল হিসেবে নগদ টাকা, ডলার, কয়েন বা কোন প্রকার বৈদেশিক মুদ্রা স্থানান্তরের উদ্দেশ্যে গ্রহণ ও পরিবহন করা যাইবে না;
- (ট) কোন নিষিদ্ধ দ্রব্য গ্রহণ পরিবহন বা বিতরণ করা যাইবে না;
- (ঠ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় আরোপিত অন্যান্য শর্ত পালন করিতে হইবে।

১০। এজেন্সী, ইত্যাদি।—(১) লাইসেন্সপ্রাপ্ত কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান এজেন্ট নিয়োগের মাধ্যমে কুরিয়ার ব্যবসায় পরিচালনা করিতে পারিবে, তবে উক্ত ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হইবে, যথা ঃ—

- (ক) আর্থিকভাবে স্বচ্ছল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এজেন্সী প্রদান করা যাইবে;
- (খ) প্রিন্সিপাল মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের সহিত এজেন্টের লিখিত চুক্তি থাকিতে হইবে;
- (গ) লাইসেন্সের শর্তাবলী এজেন্টকে পরিপালন করিতে হইবে;
- (ঘ) এজেন্ট কর্তৃক লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করা হইলে উহার দায়-দায়িত্ব প্রিন্সিপাল মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের উপর বর্তাইবে;
- (ঙ) কোন এজেন্ট সাব-এজেন্ট নিয়োগ করিতে পারিবে না।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট বিধি ৭ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক এজেন্সী লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ এই বিধির অধীন এজেন্সীর জন্য দাখিলকৃত আবেদনপত্র পর্যালোচনাপূর্বক উপযুক্ত প্রতিষ্ঠানকে তফসিল ৭ এ বর্ণিত সংশ্লিষ্ট ফি বিধি ১৪ (৩) এ উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক জমা প্রদানের রশিদ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে নির্দেশ প্রদান করিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ফি জমাদানের রশিদ প্রাপ্তির পর তফসিল ৪(১) তে বর্ণিত আকারের লাইসেন্স প্রদান করিবে।

১১। ব্যবসায়ের ক্ষেত্র।—(১) লাইসেন্সপ্রাপ্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কেবল নিম্নরূপ এক বা একাধিক ব্যবসায় পরিচালনা করিতে পারিবে, যথাঃ—

- (ক) ডকুমেন্ট সার্ভিস;
- (খ) পার্সেল সার্ভিস;
- (গ) লজিস্টিকস সার্ভিস;
- (ঘ) ডেলিভারী সার্ভিস;
- (ঙ) এক্সপ্রেস সার্ভিস;
- (চ) বিশেষায়িত এবং প্রিমিয়াম পোস্টাল সার্ভিস;
- (ছ) সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য ব্যবসা।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে,—

- (ক) ‘ডকুমেন্ট সার্ভিস’ অর্থ ০২ (দুই) কেজি পর্যন্ত ওজনের হস্তলিখিত বা মুদ্রিত, মোড়ক, বান্ডিল বা এনভেলপের মধ্যে আটকানো কোন দ্রব্য প্রেরকের নিকট হইতে নির্ধারিত মাশুল গ্রহণ সাপেক্ষে পরিবহনপূর্বক প্রেরক কর্তৃক লিখিত ঠিকানা মোতাবেক প্রাপকের নিকট রশিদমূলে বিতরণ সেবা;
- (খ) ‘পার্সেল সার্ভিস’ অর্থ ডকুমেন্ট ব্যতীত ২০ (বিশ) কেজি পর্যন্ত ওজনের কোন দ্রব্য, মোড়ককৃত হটক বা না হটক, প্রেরকের নিকট হইতে নির্ধারিত মাশুল গ্রহণ করিয়া উক্ত দ্রব্য পরিবহনপূর্বক উহাতে বিধৃত প্রাপকের ঠিকানায়, তাহার প্রাপ্তি স্বীকারপূর্বক, বিতরণের জন্য প্রদত্ত সেবা;
- (গ) ‘লজিস্টিকস সার্ভিস’ অর্থ পার্সেল ব্যতীত বৈধ যাবতীয় দ্রব্যাদি প্রেরণ স্থান হইতে গুদামজাত, বোঝাই খালাস, মোড়ক বা ইনভেন্টরীক্রমে উহার নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক পরিবহন করিয়া নির্ধারিত গন্তব্যে পৌঁছানো বা সরবরাহের জন্য প্রদত্ত সেবা;
- (ঘ) ‘ডেলিভারী সার্ভিস’ অর্থ প্রাপকের অবস্থানে বা প্রেরক কর্তৃক নির্ধারিত বিতরণযোগ্য স্থানে ব্যক্তি বা পরিবহনের মাধ্যমে বিতরণ সেবা;

- (ঙ) ‘এক্সপ্রেস সার্ভিস’ অর্থ ডকুমেন্ট, পার্সেল বা প্যাকেট প্রেরকের নিকট হইতে গ্রহণ করিয়া অতি দ্রুত যথাযথ নিরাপত্তা নিশ্চিতক্রমে পরিবহনপূর্বক নির্ধারিত গন্তব্যে প্রাপকের নিকট ডকুমেন্ট, পার্সেল বা প্যাকেট বিতরণের জন্য প্রদত্ত সেবা;
- (চ) ‘বিশেষায়িত এবং প্রিমিয়াম পোস্টাল সার্ভিস’ অর্থ প্রাপকের অবস্থান হইতে বিশেষ ব্যবস্থায় (On call) ডকুমেন্ট, পার্সেল বা প্যাকেট সংগ্রহপূর্বক ট্র্যাক এন্ড ট্রেসিং, ইলেক্ট্রনিক্স ইনকোয়ারী এবং প্রেরক ও প্রাপকের গ্রহীত দ্রব্যের অবস্থান সম্পর্কে ডিজিটাল পদ্ধতিতে অবহিতকরণের সুবিধায়ুক্ত বিতরণ সেবা।

১২। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।—(১) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান প্রদত্ত সেবাসমূহের তালিকা, সেবাসমূহের হার এবং ফিস প্রভৃতি পুস্তিকা বা প্রচারপত্র আকারে প্রকাশ করিবে।

(২) প্রধান কার্যালয়, শাখা ও নিবন্ধিত কার্যালয়সমূহের ঠিকানা পরিবর্তনের প্রয়োজন হইলে, পরিবর্তনের বিস্তারিত কারণ ও বিবরণসহ তাহা পরিবর্তনের কমপক্ষে ১৫ (পনের) দিবস পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(৩) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে সেবার সময়কাল (আওয়ারস অব বিজনেস) ও বিতরণের সময়কাল প্রকাশ্য স্থানে তালিকা আকারে প্রদর্শন করিতে হইবে।

(৪) কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান সেবাসমূহ, চার্জ ও কমিশন পরিবর্তন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট অবগতির নিমিত্ত অবশ্যই যতশীঘ্র সম্ভব দাখিল করিতে হইবে।

(৫) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে তাহার ব্যবসায় অবসায়ন, বিলুপ্তি, মালিকানা পরিবর্তন, পরিচালনা পর্ষদের পরিবর্তন, সংঘ স্মারক ও সংঘ বিধির কোন ধারার পরিবর্তনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষকে যৌক্তিকতা উল্লেখ করিয়া যতশীঘ্র সম্ভব অবহিত করিতে হইবে।

(৬) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে কোন শাখা বন্ধকরণ, এজেন্সী স্থগিতকরণ, শাখা সম্প্রসারণ, এজেন্সী প্রদান প্রভৃতি বিষয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষকে অবশ্যই যতশীঘ্র সম্ভব অবহিত করিতে হইবে।

(৭) বাংলাদেশের শেয়ার বাজারে শেয়ার অবমুক্ত করিবার পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষকে যতশীঘ্র সম্ভব অবহিত করিতে হইবে।

(৮) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস কোম্পানীতে প্রতি অর্থবছর শেষে তাহার ব্যবসায়িক আয়-ব্যয়, লাভ-ক্ষতির হিসাব বিবরণী সংবলিত বার্ষিক প্রতিবেদন, চার্টার্ড একাউন্টেন্ট বা সি এ ফার্ম কর্তৃক নিরীক্ষিত বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের ৫ (পাঁচ) টি কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যতশীঘ্র সম্ভব দাখিল করিতে হইবে।

(৯) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক দ্রব্যাদি গ্রহণের সময় গ্রাহকদের নিকট হইতে প্রেরিত বা প্রেরণযোগ্য দ্রব্যের বিবরণ ও প্রকৃতি সম্পর্কে ঘোষণাপত্র গ্রহণ করিতে হইবে এবং এই ঘোষণাপত্রের একটি কপি প্রেরণযোগ্য দ্রব্যের প্যাকেটে সংযুক্ত করিতে হইবে।

শ্রেণী বিভাগ, জামানত ও লাইসেন্স ফি

১৩। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহের শ্রেণীবিন্যাস।—(১) এই বিধিমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত ৫টি শ্রেণীর লাইসেন্স প্রদান করিতে পারিবে, যথা ঃ—

- (ক) রাজধানী ঢাকা এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অভ্যন্তরীণ মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য-“এ” শ্রেণীর লাইসেন্স;
- (খ) রাজধানী ঢাকা এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকাসহ জেলা সদরে অভ্যন্তরীণ মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য-“বি” শ্রেণীর লাইসেন্স;
- (গ) রাজধানী ঢাকা, অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা এবং জেলা সদরসহ উপজেলা সদরে অভ্যন্তরীণ মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য - “সি” শ্রেণীর লাইসেন্স;
- (ঘ) সমগ্র দেশব্যাপী অভ্যন্তরীণ মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য-“ডি” শ্রেণীর লাইসেন্স;
- (ঙ) আন্তর্জাতিক মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য- “ই” শ্রেণীর লাইসেন্স।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, অভ্যন্তরীণ মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য এ, বি, সি বা ডি শ্রেণীর লাইসেন্সধারী মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান আন্তর্জাতিক মেইলিং ও কুরিয়ার ব্যবসা পরিচালনা করিতে চাহিলে উহাকে “ই” শ্রেণীর লাইসেন্সও গ্রহণ করিতে হইবে। অনুরূপভাবে আন্তর্জাতিক মেইলিং ও কুরিয়ার ব্যবসায়ের জন্য “ই” শ্রেণী লাইসেন্সধারী মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে অভ্যন্তরীণ মেইলিং ও কুরিয়ার ব্যবসা পরিচালনা করিতে হইলে এ, বি, সি বা, ক্ষেত্রমত, ডি শ্রেণীর লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১৪। লাইসেন্স ফি, নবায়ন ফি, জামানত, ইত্যাদি।—(১) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে লাইসেন্স গ্রহণের নিমিত্ত বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ যে কোন জেনারেল পোস্ট অফিস (জিপিও) বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ-এর অনুকূলে তফসিল-৭ এ বর্ণিত সংশ্লিষ্ট লাইসেন্স ফি জমা প্রদান করিতে হইবে।

(২) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে লাইসেন্স গ্রহণের সময় ঘোষিত শাখা ব্যতীত পরবর্তীতে নতুন শাখা খোলার নিমিত্ত বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ জিপিও বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ-এর অনুকূলে তফসিল-৭ এ বর্ণিত সংশ্লিষ্ট ফি জমা প্রদান করিতে হইবে।

(৩) এজেন্সী লাইসেন্স গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ জিপিও বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ-এর অনুকূলে তফসিল-৭ এ বর্ণিত সংশ্লিষ্ট ফি জমা প্রদান করিতে হইবে।

(৪) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের ও এজেন্টের অনুকূলে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স ইস্যুর তারিখ হইতে পরবর্তী দুইটি অর্থবছরের জন্য কার্যকর থাকিবে এবং উক্ত লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বেই লাইসেন্স নবায়ন ফি প্রদানপূর্বক নবায়ন করিতে হইবে।

(৫) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে লাইসেন্স এবং এজেন্সী লাইসেন্স নবায়নের নিমিত্ত বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ জিপিও বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে তফসিল-৭ এ বর্ণিত সংশ্লিষ্ট ফি জমা প্রদান করিয়া নবায়ন করা যাইবে।

(৬) প্রতিটি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে লাইসেন্স গ্রহণের নিমিত্ত জিপিও বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে পোস্ট অফিস সঞ্চয় ব্যাংকের সাধারণ হিসাবে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে পণবন্দী (প্লিজ) করিয়া তফসিল-৭ এ বর্ণিত হারে জামানতের অর্থ প্রদান করিতে হইবে।

(৭) কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের ব্যবসায় অবসায়ন হইলে বা অবসান ঘটিলে বা কোন অপরাধের কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রশাসনিক জরিমানা বা জামানত বাতিল না করিলে, লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে জামানত বাবদ জমাদানকৃত বা ইহার অংশবিশেষ বা জরিমানাকৃত অর্থ ব্যতীত অবশিষ্ট জামানতের অর্থ ফেরত প্রদান করা যাইবে।

(৮) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত প্রশাসনিক জরিমানা বাংলাদেশ ডাক বিভাগের অর্থনৈতিক কোড ১-৫৪৩১-০০০০-৩২৫১ এ যে কোন জেনারেল পোস্ট অফিস (জিপিও) বা জেলা সদরে অবস্থিত প্রধান ডাকঘরে চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ-এর অনুকূলে জমা প্রদান করিতে হইবে।

তদন্ত, প্রশাসনিক জরিমানা, দণ্ড, ইত্যাদি

১৫। অভিযোগের তদন্ত।—(১) এই বিধিমালার কোন বিধান পরিপালন না করা বা লাইসেন্সের শর্ত ভঙ্গের কোন অভিযোগ লিখিত বা মৌখিকভাবে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট উত্থাপিত হইলে বা অনুরূপ কোন অভিযোগের বিষয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষের গোচরীভূত হইলে, চেয়ারম্যানের নির্দেশক্রমে উহা অভিযোগ আকারে সংশ্লিষ্ট রেজিস্ট্রারে লিপিবদ্ধ করিতে হইবে এবং উক্তরূপে কোন অভিযোগ লিপিবদ্ধ হইবার ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে চেয়ারম্যান, উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত পরিচালনার উদ্দেশ্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং বাংলাদেশ ডাক বিভাগের কর্মকর্তার সমন্বয়ে অনূর্ধ্ব ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করিবেন এবং কমিটির প্রধান হিসাবে কে দায়িত্ব পালন করিবেন তাহা নির্ধারণ করিয়া দিবেন।

(২) তদন্ত কমিটি গঠিত হইবার পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে উক্ত কমিটি তদন্ত শুরু করিবে এবং তদন্তের বিষয়াদি অভিযুক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে তদন্তের সময় ও স্থান উল্লেখপূর্বক লিখিতভাবে অবহিত করিবে।

(৩) তদন্ত কমিটি অভিযুক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে তদন্তের নিমিত্ত তাৎক্ষণিক নোটিশ প্রদান এবং প্রয়োজনে সংশ্লিষ্ট নথি-পত্রাদি, আলামত, যানবাহন ইত্যাদি জব্দ করিবার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা গ্রহণসহ অভিযুক্ত মেইলিং অপারেটর ও

কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের কার্যালয় ছাড়াও উহার সহিত সংশ্লিষ্ট অন্যান্য স্থান বা প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করিতে পারিবে।

(৪) তদন্ত কমিটি তদন্তাধীন বিষয়ে অভিযুক্ত ও অভিযোগকারী উভয় পক্ষের শুনানি ও লিখিত বিবৃতি এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা, দালিলিক প্রমাণাদি দাখিলের সুযোগ প্রদানসহ তৃতীয় কোন পক্ষের সংশ্লেষ থাকিলে তাহার বক্তব্যও শ্রবণ করিবে।

(৫) তদন্ত কমিটি গঠিত হইবার পরবর্তী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে উক্ত কমিটি তদন্ত কার্য সমাপনান্তে তৎপরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করিবে। উক্ত প্রতিবেদনে যে সকল বিষয়ে অভিযোগ উত্থাপিত হইয়াছে সে সকল বিষয়ে সুস্পষ্টভাবে অভিযোগ প্রমাণিত বা অভিযোগ প্রমাণিত নয় উল্লেখ করিবে এবং অন্য কোন পর্যবেক্ষণ থাকিলে তাহা মন্তব্যসহ প্রতিবেদন আকারে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ তদন্ত কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৭) তদন্তের বিষয়টি কোন আদালতের এখতিয়ারাধীন বা অন্য কোন আইনের অধীন কোন কর্তৃপক্ষের নিকট তদন্তাধীন থাকিলে তদন্ত কমিটি বিষয়টি লাইসেন্সিং কর্তৃপক্ষকে বিস্তারিত বিবরণসহ অবহিত করিবে।

১৬। প্রশাসনিক জরিমানা আরোপ, লাইসেন্স স্থগিতকরণ, ইত্যাদি।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ তদন্ত প্রতিবেদন প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অভিযুক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নিকট উক্ত প্রতিবেদনের ভিত্তিতে কারণ দর্শানো নোটিশ প্রদানপূর্বক উক্ত প্রতিষ্ঠানের প্রধানকে ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে নোটিশ জারির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের সম্মুখে উপস্থিত হইয়া লিখিত জবাব ও প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ যুক্তিসঙ্গত কারণ সাপেক্ষে শুনানি প্রদানের জন্য আরো ৭ (সাত) দিন পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ অভিযুক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির শুনানি গ্রহণ করিবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ শুনানি গ্রহণের পর সংশ্লিষ্ট রেকর্ডপত্র, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ব্যক্তিগত শুনানি পর্যালোচনাপূর্বক নিম্নরূপ প্রশাসনিক জরিমানা আরোপ বা যথাযথ আদেশ জারি করিতে পারিবে, যথা ঃ—

(ক) বিধি ৯(১) এর (ক), (খ), (গ), (ঘ), (ঙ) বা (ঠ) এ বর্ণিত শর্ত ভঙ্গ করিলে অনূর্ধ্ব ২০০০০ (বিশ হাজার) টাকা প্রশাসনিক জরিমানা এবং তদাতিরিক্ত জামানতের শতকরা বিশ ভাগ অর্থ বাজেয়াপ্তকরণ বা উভয়ই;

- (খ) বিধি ৯ (১)এর (চ), (ছ) বা (জ) এ বর্ণিত শর্ত ভঙ্গ করিলে অনূর্ধ্ব ৪০০০০ (চল্লিশ হাজার) টাকা প্রশাসনিক জরিমানা এবং তদতিরিক্ত লাইসেন্স স্থগিতকরণ বা জামানতের শতকরা পঞ্চাশ ভাগ অর্থ বাজেয়াপ্তকরণ বা উভয়ই;
- (গ) বিধি ৯ (১)এর (ঝ) (ঞ) বা (ট) এ বর্ণিত শর্ত ভঙ্গ করিলে অনূর্ধ্ব ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রশাসনিক জরিমানা এবং তদতিরিক্ত লাইসেন্স বাতিল বা জামানতের সকল অর্থ বাজেয়াপ্তকরণ বা উভয়ই;
- (ঘ) বিধি ৯(১) এর (ঝ) (ঞ) এবং (ট) এ বর্ণিত শর্ত ব্যতীত অন্যান্য শর্ত ভঙ্গের পুনরাবৃত্তি ঘটিলে লাইসেন্স বাতিল।
- (৫) উপ-বিধি (৪) অনুযায়ী আরোপিত প্রশাসনিক জরিমানার অর্থ আদেশ জারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি ১৪ এর উপ-বিধি(৯)এ উল্লিখিত পদ্ধতিতে জমা প্রদান করিতে হইবে।
- (৬) উপ-বিধি (৪) এর দফা (খ) অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স স্থগিতকরণের ক্ষেত্রে, কতদিনের জন্য লাইসেন্স স্থগিত থাকিবে তাহা প্রশাসনিক জরিমানা আরোপের আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে এবং লাইসেন্স স্থগিত থাকাকালে উক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান বা উহার কোন শাখা বা এজেন্ট ব্যবসায় পরিচালনা করিতে পারিবে না।
- (৭) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিলকরণের বিষয়টি কমপক্ষে ২(দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায়, প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহের সামনে লটকাইয়া জারি এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে জনসাধারণের অবগতির নিমিত্ত প্রকাশ করিবে।
- (৮) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন প্রয়োগকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ বা সংস্থাকে উপ-বিধি (৬) এ উল্লিখিত বিষয়ে অবহিত করিতে পারিবে।
- (৯) উপ-বিধি(৪) অনুযায়ী প্রশাসনিক জরিমানা আরোপের আদেশ জারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান প্রশাসনিক জরিমানা আদেশ পুনর্বিবেচনার আবেদন দাখিল করিতে পারিবে।
- (১০) অভিযুক্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হইলে তদন্ত প্রতিবেদন নথিভুক্তপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষ অভিযোগ হইতে অভিযুক্ত প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করিবে।
- (১১) এই বিধিমালার অধীন তদন্ত পরিচালনা ও প্রশাসনিক জরিমানা আরোপ সংক্রান্ত প্রক্রিয়া বিধি ১৫(১) এর অধীন অভিযোগ লিপিবদ্ধকরণের পর অনধিক ৯০ (নব্বই) কর্মদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।
- (১২) লাইসেন্সিং কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, অভিযোগ তদন্ত পরিচালনা, শুনানী গ্রহণ ও প্রশাসনিক জরিমানা সম্পর্কিত প্রয়োজনীয় পদ্ধতি প্রণয়নসহ আবশ্যিকীয় ক্ষেত্রে উহা পরিবর্তন, পরিমার্জন ও সংযোজন করিতে পারিবে।
- ১৭। **দণ্ড, ইত্যাদি**।—এই বিধির অধীন আরোপিত কোন প্রশাসনিক জরিমানা যদি লাইসেন্সের শর্ত ভঙ্গের অভিযোগে অভিযুক্ত কোন মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান নির্ধারিত

সময়ের মধ্যে জমা না দেন বা বিধি ১৬ বা ১৮ এর অধীন প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে হাজির না হন তাহা হইলে উক্ত লঙ্ঘন আইনের ধারা ৫৮ এর অধীন একটি অপরাধ হিসেবে গণ্য হইবে এবং তদানুসারে লঙ্ঘনকারীর বিচার হইবে।

১৮। **পুনর্বিবেচনা।**— (১) বিধি ১৫ এর অধীন প্রশাসনিক জরিমানা আরোপের আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংস্কৃদ্ধ মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান উক্ত প্রশাসনিক জরিমানা আদেশের বিরুদ্ধে প্রতিকার প্রার্থনাপূর্বক প্রশাসনিক জরিমানা আদেশের কপিসহ সরকার তথা সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বরাবর পুনর্বিবেচনার (Review) আবেদন পেশ করিবে এবং উক্ত আবেদনের কপি লাইসেন্সিং কর্তৃপক্ষকে প্রদান করিতে হইবে।

(২) পুনর্বিবেচনার আবেদন দাখিল হইবার ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সরকার সংস্কৃদ্ধ মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের প্রধানকে ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে শুনানি প্রদানের জন্য আহ্বানপূর্বক নোটিশ জারি করিবে এবং উক্ত নোটিশে শুনানির স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকিবে।

(৩) প্রশাসনিক জরিমানা আদেশ প্রদানের সমর্থনে লাইসেন্সিং কর্তৃপক্ষের বক্তব্য না শুনিয়া সরকার কোন পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তি করিতে পারিবে না।

(৪) সরকার তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তিপূর্বক তৎবিষয়ে তাহার সিদ্ধান্ত প্রদান করিবে এবং উক্তরূপ সিদ্ধান্তের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ৭(সাত) কর্মদিবসের মধ্যে আবেদনকারী এবং লাইসেন্সিং কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(৫) পুনর্বিবেচনার আবেদন দাখিল করিবার পর সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশের কার্যকারিতা স্থগিত থাকিবে।

(৬) পুনর্বিবেচনার বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৭) সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, এই বিধির অধীন স্বীয় পুনর্বিবেচনার ক্ষমতা তাঁহার অব্যবহিত নিম্ন পদধারীর নিকট অর্পণ করিতে পারিবেন।

১৯। **মূল পাঠ এবং ইংরেজী পাঠ।**—এই বিধিমালার মূল পাঠ বাংলাতে হইবে এবং ইংরেজীতে অনূদিত উহার একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic Text) থাকিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

২০। **জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা।**—এই বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে এই বিধিমালার বিধানে অস্পষ্টতার কারণে উহা কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে সরকার, অন্যান্য বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া গেজেটে বিজ্ঞপ্তির দ্বারা উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ উক্ত বিষয়ে দিক নির্দেশনা দিতে পারিবে।

নাম.....

স্ট্যাম্পঃ

তফসিল-২
অঙ্গীকারনামা এর নমুনা
[বিধি ৭ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

এডভোকেটের মাধ্যমে নোটারী পাবলিক বা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের সম্মুখে প্রদত্ত অঙ্গীকারনামা।

এই মর্মে আমি/আমরা.....
(ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর/ম্যানেজিং এজেন্ট/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম এবং প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা) অঙ্গীকার করিতেছি যে, “মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১১” এর সকল বিধান এবং বাংলাদেশে প্রযোজ্য অন্য সকল বিধি-বিধানের প্রতি অনুগত থাকিয়া ন্যায়সঙ্গত ব্যবসায় পরিচালনা করিতে বাধ্য থাকিব। সরকার কর্তৃক সময় সময় প্রণীত বিধি-বিধান (যাহা মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহের উপর প্রযোজ্য হইবে) পরিপালনে বদ্ধপরিকর থাকিব, জনগণ ও পরিবেশের জন্য হুমকিস্বরূপ বা অনৈতিক কোন কার্যকলাপ সম্পাদন করা হইতে নিজেরা বিরত থাকিব এবং স্বীয় প্রতিষ্ঠান সংশ্লিষ্ট অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গকে বিরত রাখিব।

আমি আরো অঙ্গীকার করিতেছি যে, লাইসেন্সের আবেদন ফরমে প্রদত্ত সকল তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য।

(স্বাক্ষর)

(দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, কুরিয়ার
সার্ভিস প্রতিষ্ঠানের/নাম, ঠিকানা
ও টেলিফোন নং উল্লেখ করিতে
হইবে)।

সাক্ষীঃ

১।

২।

এডভোকেট
এর স্বাক্ষর

নোটারী পাবলিক বা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর স্বাক্ষর ও সীল

বিশেষ দ্রষ্টব্যঃ

ঘোষণাপত্রটি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর মুদ্রিত হইবে।

তফসিল-৩

[বিধি ৭ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

লাইসেন্সের আবেদন ফরমের সহিত প্রদেয় কাগজপত্রের তালিকা

- ১। যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম-৩ কপি।
- ২। অঙ্গীকারনামা-৩ কপি (১টি মূল কপি এবং ২টি সত্যায়িত অনুলিপি)।
- ৩। সংঘ স্মারক ও সংঘ বিধির সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য)-প্রতিটি ৩ কপি।
- ৪। লাইসেন্স গ্রহণের জন্য বোর্ড অব ডিরেক্টরস কর্তৃক অনুমোদিত রেজুলেশনের সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য)-৩ কপি।
- ৫। সর্বশেষ বার্ষিক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভার বার্ষিক প্রতিবেদন (ক্ষেত্রমত প্রযোজ্য)- ৩ কপি।
- ৬। সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য)-৩ কপি।
- ৭। ব্যবসা আরম্ভের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য)-৩ কপি।
- ৮। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস এসোসিয়েশনের সদস্য হিসেবে অন্তর্ভুক্তির সনদপত্রের সত্যায়িত অনুলিপি-৩ কপি।
- ৯। চেম্বার অব কমার্সের সদস্য হিসাবে অন্তর্ভুক্তির সনদপত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)- ৩ কপি।
- ১০। ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি-৩ কপি।
- ১১। মূল্য সংযোজন কর নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত অনুলিপি-৩ কপি।
- ১২। আয়কর সনদপত্রের সত্যায়িত অনুলিপি-৩ কপি।
- ১৩। আমদানি ও রপ্তানি নিবন্ধনের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য)-৩ কপি।
- ১৪। যানবাহনের তালিকা (গাড়ির নম্বর, চ্যাসিস নম্বর এবং নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি)- প্রতিটি ৩ কপি।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর/ম্যানেজিং এজেন্ট/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি-এর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (৩ কপি পাসপোর্ট আকারের ছবিসহ)-৩ কপি।
- ১৬। ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর/ম্যানেজিং এজেন্ট/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি-এর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি- ৩ কপি।
- ১৭। প্রধান কার্যালয়সহ সকল শাখা/বিতরণ অফিসের তালিকা (ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং ফ্যাক্স নম্বরসহ)-৩ কপি।

- ১৮। চাটার্ড একাউন্ট্যান্ট বা সি এ ফার্ম কর্তৃক নিরীক্ষিত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের দায় ও পরিসম্পদ বিবরণী (ক্ষেত্রমত প্রযোজ্য)-৩ কপি।
- ১৯। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস ব্যবসায় পরিচালনার নিমিত্ত সরকারের কোন সংস্থা বা প্রতিষ্ঠান হইতে ইতঃপূর্বে গৃহীত অনুমতিপত্র বা লাইসেন্সের সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য) -৩ কপি।
- ২০। সংশ্লিষ্ট মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের শাখাসমূহের ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি (ক্ষেত্রমত প্রযোজ্য)- ৩ কপি।
- ২১। সংশ্লিষ্ট মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম ও পদ সোপানসহ মোট জনবলের তালিকা-৩ কপি।
- ২২। আন্তর্জাতিক কুরিয়ার ব্যবসায় নিয়োজিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রিন্সিপাল কোম্পানী ও বাংলাদেশে এজেন্সী কোম্পানীর মধ্যকার সমঝোতা স্মারকের বা চুক্তির সত্যায়িত অনুলিপি-প্রতিটি ৩ কপি।
- ২৩। প্রধান কার্যালয় নিজস্ব জমির উপর অবস্থিত হইলে উক্ত জমির মালিকানা দলিলের সত্যায়িত অনুলিপিসহ তফসিলের বিবরণ ও প্রধান কার্যালয় ভাড়াকৃত জমি বা ভবনের উপর অবস্থিত হইলে ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি-৩ কপি।

তফসিল-৪

[লাইসেন্স এর নমুনা]

[বিধি ৭ এর উপ-বিধি (৬) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের লাইসেন্সিং কর্তৃপক্ষ

লাইসেন্স

------(প্রতিষ্ঠানের নাম), ------(প্রধান কার্যালয়ের ঠিকানা)
 (ম্যানেজিং ডিরেক্টর/সিইও/ম্যানেজিং এজেন্ট/প্রোপ্রাইটর/এজেন্ট/ম্যানেজিং পার্টনার/ক্ষমতাপ্রাপ্ত
 প্রতিনিধির নামঃ-----কে
 এতদ্বারা বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যেতারিখ হইতে.....তারিখ
 পর্যন্ত ২(দুই) বছরের জন্য কুরিয়ার সার্ভিস ব্যবসায় পরিচালনার নিমিত্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার
 সার্ভিস প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা করার অনুমতি প্রদান করা হইল।

লাইসেন্স নং.....তারিখঃ.....

(লাইসেন্সিং কর্তৃপক্ষের চেয়ারম্যান বা
 তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর)

সীলমোহর

তফসিল-৪(১)

[এজেন্সী লাইসেন্স এর নমুনা]

[বিধি ১০ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের লাইসেন্সিং কর্তৃপক্ষ

এজেন্সী লাইসেন্স

.....(প্রতিষ্ঠানের নাম)..... (ঠিকানা) (ম্যানেজিং
ডিরেক্টর/সিইও/ম্যানেজিং এজেন্ট/প্রোপ্রাইটর/ এজেন্ট/ম্যানেজিং পার্টনার/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম)
..... কে.....
.....(প্রিন্সিপাল মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের কুরিয়ার প্রতিষ্ঠানের নাম) এর
এজেন্ট হিসাবেজেলা/উপজেলা/ অঞ্চলের জন্যতারিখ হইতে
..... তারিখ পর্যন্ত ২ (দুই) বছরের জন্য কুরিয়ার ব্যবসা পরিচালনা করার অনুমতি প্রদান
করা হইল।

এজেন্সী লাইসেন্স নং, তারিখ :

(লাইসেন্সিং কর্তৃপক্ষের চেয়ারম্যান বা
তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর)

সীলমোহর

তফসিল-৫

[লাইসেন্স নবায়ন সনদপত্রের নমুনা]

[বিধি ১৩ এর উপ-বিধি (৭) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের লাইসেন্সিং কর্তৃপক্ষ

..... (প্রতিষ্ঠানের নাম) এর অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স নং
..... তারিখ এতদ্বারা তারিখ হইতে
..... তারিখ পর্যন্ত ২ (দুই) বছরের জন্য নবায়ন করা হইল।

(লাইসেন্সিং কর্তৃপক্ষের চেয়ারম্যান বা
তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর)

সীলমোহর

তফসিল-৬

বিধি ৬ (ট) মোতাবেক

[নিষিদ্ধ দ্রব্যাদির তালিকা]

নিম্নবর্ণিত নিষিদ্ধ দ্রব্যাদি এই বিধির অধীন নিষিদ্ধ দ্রব্যের অন্তর্ভুক্ত হইবে, যথা:—

- ১। Post Office Rules, 1961 এর Rule 49 এ বর্ণিত নিষিদ্ধ দ্রব্য;
- ২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এ বর্ণিত মাদকদ্রব্য;
- ৩। Drugs (Control) Ordinance, 1982 এ বর্ণিত ড্রাগসমূহ;
- ৪। বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এবং Explosive Substances Act, 1908 এ সংজ্ঞায়িত বিস্ফোরক;
- ৫। Arms Act, 1878 এবং Explosives Act, 1884 এ বর্ণিত অস্ত্র;
- ৬। এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ এ বর্ণিত নিষিদ্ধ দ্রব্য;
- ৭। Customs Act, 1969 এ বর্ণিত নিষিদ্ধ দ্রব্য;
- ৮। আমদানি ও রপ্তানি নীতি বা আদেশ-এ বর্ণিত নিষিদ্ধ দ্রব্য;
- ৯। চোরাচালানকৃত কোন দ্রব্য, শুষ্ক ফাঁকি দিয়া আনীত কোন দ্রব্য;
- ১০। অন্য কোন আইন বা বিধির অধীন ঘোষিত জনস্বাস্থ্য, জননিরাপত্তা বা পরিবেশের জন্যে ক্ষতিকর, হুমকিস্বরূপ, রাসায়নিক, তেজস্ক্রিয় এবং প্রাণহানিকর দ্রব্য;
- ১১। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নিষিদ্ধ দ্রব্যাদি।

তফসিল-৭

[জামানত, লাইসেন্স ফি, নবায়ন ফি ইত্যাদি]

| ক্রমিক নং | মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিসের শ্রেণী | জামানত | লাইসেন্স ফি | নবায়ন ফি |
|--------------|---|-----------|-------------|-----------|
| ১. | এ শ্রেণী | ৫,০০,০০০ | ১,০০,০০০ | ৫০,০০০ |
| ২. | বি শ্রেণী | ১০,০০,০০০ | ২,০০,০০০ | ১,০০,০০০ |
| ৩. | সি শ্রেণী | ১৫,০০,০০০ | ৩,০০,০০০ | ১,৫০,০০০ |
| ৪. | ডি শ্রেণী | ২০,০০,০০০ | ৫,০০,০০০ | ২,৫০,০০০ |
| ৫. | ই শ্রেণী | ২৫,০০,০০০ | ১০,০০,০০০ | ৫,০০,০০০ |

এজেন্সী লাইসেন্স ফি ও নবায়ন ফি

| ক্রমিক নং | মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিসের শ্রেণী | লাইসেন্স ফি | নবায়ন ফি |
|--------------|---|-------------|-----------|
| ১. | এ শ্রেণী | ৩,০০০ | ১,০০০ |
| ২. | বি শ্রেণী | ৫,০০০ | ২,০০০ |
| ৩. | সি শ্রেণী | ৭,০০০ | ৩,০০০ |
| ৪. | ডি শ্রেণী | ১০,০০০ | ৪,০০০ |
| ৫. | ই শ্রেণী | ১৫,০০০ | ৫,০০০ |

নতুন শাখার জন্য লাইসেন্স ফি

| ক্রমিক নং | মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিসের শ্রেণী | লাইসেন্স ফি |
|-----------|--|-------------|
| ১. | এ শ্রেণী | ৫,০০০ |
| ২. | বি শ্রেণী | ১০,০০০ |
| ৩. | সি শ্রেণী | ১৫,০০০ |
| ৪. | ডি শ্রেণী | ২০,০০০ |
| ৫. | ই শ্রেণী | ৫০,০০০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. রফিকুল ইসলাম

অতিরিক্ত সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশীদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd